গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, প্র/এ, ঢাকা
www.techedu.gov.bd

**বিষয়ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শেরপা (নিরাপদ পানি ও স্যানিটেশন) বাস্তবায়নের অগ্রগতি বিষয়ক সভার কার্য বিবরনী।**

২০১৮ সালের মধ্যে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শেরপা (নিরাপদ পানি ও স্যানিটেশন) বাস্তবায়নের লক্ষ্যে প্রতিষ্ঠান ভিত্তিক চাহিদার প্রাক্কলন তৈরীর অগ্রগতি পর্যালোচনার জন্য গত ১৬/১০/২০১৭ খ্রি. তারিখ সোমবার সকাল ১০:০০ ঘটিকায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে অধিদপ্তরের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানীত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে পরিচালক (পিআইইউ) জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক কারিগরি প্রতিষ্ঠানসমূহে BNBC এর মানদন্ড অনুযায়ী শেরপা (নিরাপদ পানি ও স্যানিটেশন) বাস্তবায়নের লক্ষ্যে ইতিমধ্যে প্রতিষ্ঠান ভিত্তিক চাহিদার আলোকে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের জোন অফিসের সহযোগীতায় প্রয়োজনীয় প্রাক্কলন সংগ্রহ করা হচ্ছে। ইতিমধ্যে আমরা ১১৮টি প্রতিষ্ঠানের মধ্যে ৮৬ প্রতিষ্ঠানের প্রাক্কলন পেয়ে গেছি যা মোট প্রতিষ্ঠান সংখ্যার ৭৩ শতাংশ। অবশিষ্ট ৩২টি প্রতিষ্ঠানের প্রাক্কলন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহযোগীতায় চলমান আছে যা অতিশীঘ্র পাওয়া যাবে।

মহাপরিচালক মহোদয় ৩২টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে শেরপা বাস্তবায়নের প্রাক্কলন না পাওয়ার জন্য অসন্তোষ প্রকাশ করে অতিশীঘ্র অবশিষ্ট প্রাক্কলন প্রাপ্তির জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। তিনি আরো বলেন ২০১৮ সালের জুন মাসের মধ্যে সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে শেরপা বাস্তবায়ন সমাপ্ত করতে পারলে শেরপা বাস্তবায়নের ক্ষেত্রে সমগ্র কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান তথা কারিগরি শিক্ষা অধিদপ্তর Light-house হিসেবে পরিচিতি পাবে। তিনি এমপিওভুক্ত ও নন-এমপিওভুক্ত প্রাইভেট প্রতিষ্ঠানে শেরপা বাস্তবায়নের অগ্রগতি আরো ত্বরান্বিত করার জন্য যথাক্রমে অত্র অধিদপ্তরের পরিচালক (ভোক) এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধিকে জোর নির্দেশ প্রদান করেন। তিনি ২০১৭-২০১৮ অর্থবছরের মেরামত ও সংরক্ষণ খাতে প্রতিষ্ঠানভিত্তিক চাহিদা অতিশীঘ্র সংগ্রহ এবং অগ্রাধিকার ভিত্তিক মেরামত কাজের তালিকা প্রস্তুত করে আগামী ১৫ নভেম্বর ২০১৭ খ্রি, তারিখে সভা আহবানের নির্দেশ প্রদান করেন।

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের শেরপা বিষয়ক বিশেষ সেল এর নির্বাহী প্রকৌশলী জনাব মীর মোয়াজ্জেম হুসেন বলেন বাজেট প্রণয়নের লক্ষে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের অবশিষ্ট প্রতিষ্ঠানের তালিকা সংগ্রহ করে তাদের জোন অফিসের সহায়তায় অতিশীঘ্র প্রাক্কলন তৈরীর কাজ সমাপ্ত করবেন। শেরপা বাস্তবায়নে প্রয়োজনীয় বাজেট প্রাপ্তির বিষয়ে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব এ.কে.এম জাকির হোসেন ভূঞা এর এক প্রশ্নের জবাবে তিনি বলেন বাজেট বরাদ্দ নাই তবে ২০১৭-২০১৮ অর্থ বছরের মেরামত ও সংরক্ষণ খাতে প্রয়োজনীয় বাজেট আমাদের সামনে আছে।

সভায় বিস্তারিত আলোচানান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়-

**সিদ্ধান্ত-১:** ২০১৮ সালের জুন মাসের মধ্যে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শেরপা (নিরাপদ পানি ও স্যানিটেশন) বাস্তবায়নের লক্ষ্যে ১৫ নভেম্বর ২০১৭ খ্রি. এর মধ্যে ১১৮টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রাক্কলন সমাপ্ত এবং বাজেট প্রণয়ন করে ৩০ নভেম্বর ২০১৭ খ্রি. পরবর্তী সভার তারিখ নির্ধারিত হয়।

**সিদ্ধান্ত-২:** কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন এমপিওভুক্ত বেসরকারী প্রতিষ্ঠান সমূহে শেরপা (নিরাপদ পানি ও স্যানিটেশন) বাস্তবায়নের লক্ষ্যে প্রতিষ্ঠান সমূহকে নিজস্ব অর্থায়নে আগামী নভেম্বরের মধ্যে চুড়ান্ত পরিকল্পনা অধিদপ্তরে প্রেরণ করবে এবং জুন ২০১৮ সালের মধ্যে BNBC এর মানদন্ড অনুযায়ী সম্পূর্ণরূপে শেরপা (নিরাপদ পানি ও স্যানিটেশন) বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অধিদপ্তরের পক্ষ হতে কড়াকড়ি নির্দেশ প্রদান এবং নতুন এমপিও প্রদানের ক্ষেত্রে উক্ত শর্তাবলী পূরণ ব্যাতিরেকে এমপিও না দেয়া এবং ৩০ নভেম্বর ২০১৭ খ্রি. পরবর্তী সভার তারিখ নির্ধারিত হয়।

**সিদ্ধান্ত-৩:** কারিগরি শিক্ষা বোর্ড এর অধীন সকল নন-এমপিওভুক্ত বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শেরপা (নিরাপদ পানি ও স্যানিটেশন) বাস্তবায়নের লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠান BNBC এর মানদন্ড অনুযায়ী নিজস্ব অর্থায়নে আগামী নভেম্বরের মধ্যে কারিগরি শিক্ষা বোর্ডে চুড়ান্ত পরিকল্পনা প্রেরণ করবে এবং ৩০ জুন ২০১৮ সালের মধ্যে সম্পূর্ণরূপে শেরপা (নিরাপদ পানি ও স্যানিটেশন) বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বোর্ডের পক্ষ হতে প্রতিষ্ঠান সমূহে জোর তাগিদ প্রদান এবং নতুন প্রতিষ্ঠানের ক্ষেত্রে BNBC এর শর্তাবলী নিশ্চিত করে এফিলিয়েশন প্রদানের বিষয়টি নিশ্চিত করা এবং ৩০ নভেম্বর ২০১৭ খ্রি. পরবর্তী সভার তারিখ নির্ধারিত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করে।

স্বাক্ষরিত/-
অশোক কুমার বিশ্বাস
অতিরিক্ত সচিব (কারিগরি)
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৫. ৩৩.০০৩.২০১৭-৮২ তারিখ : ০৩ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুলভবন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৩। প্রধান প্রকৌশলী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

০৪। চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

০৫। পরিচালক (পিআইডব্লিউ/পিআইইউ/প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৬। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।

০৭। উপসচিব (প্রশাসন ও অর্থ),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুলভবন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৮। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট (সকল)।

০৯। অধ্যক্ষ, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, মোহাম্মদপুর, ঢাকা/বাংলাদেশ গ্লাস এন্ড সিরামিক, তেজগাঁও, ঢাকা/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী।

১০। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (সকল)।

১১। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০),কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (পত্রখানা অদিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশেরন ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

১৩। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৫। সংরক্ষণ নথি।

১৮/১০/১৭

( মো: অহিদুল ইসলাম)
পরিচালক (পিআইডব্লিউ)
ও
পরিচালক (পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

# পরিশিষ্ট ''ক''

শেরপা (নিরাপদ পানি ও স্যানিটেশন) বাস্তবায়নের অগ্রগতি বিষয়ক সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা শীট

স্থান : কারিগরি শিক্ষা অধিদপ্তরের সভা কক্ষ

তারিখ : ১৬ অক্টোবর ২০১৭ খ্রি. সকাল : ১০.০০ ঘটিকা

| ক্র: নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব এ. কে. এম জাকির হোসেন ভুঞা, অতিরিক্ত-সচিব (প্রশাসন ও উন্নয়ন) | স্বাক্ষরিত |
| ২. | জনাব মোঃ অহিদুল ইসলাম, পরিচালক (পিআইডব্লিউ) ও (পিআইইউ) | স্বাক্ষরিত |
| ৩. | জনাব মনজুরুল কাদের, পরিচালক (প্রশাসন) | |
| ৪. | জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন | স্বাক্ষরিত |
| ৫. | ড. মোঃ নুরুল ইসলাম, পরিচালক (ভোকেশনাল) | স্বাক্ষরিত |
| ৬. | জনাব এস.এম. মাহাবুবুর রহমান, উপসচিব (প্রশাসন ও অর্থ) | |
| ৭. | জনাব মীর মোয়াজ্জেম হোসেন, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | স্বাক্ষরিত |
| ৮. | জনাব মোঃ সামসাদ খলিল, সহকারী পরিচালক | |
| ৯. | জনাব নাজমুন নাহার, সহকারী পরিচালক | স্বাক্ষরিত |
| ১০. | জনাব মোহাম্মদ আব্দুল মতিন হাওলাদার, সহকারী পরিচালক | স্বাক্ষরিত |
| ১১. | জনাব ফকির মোঃ আব্দুল মান্নান, সহকারী পরিচালক | স্বাক্ষরিত |
| ১২. | জনাব বিমল কুমার মিশ্র, সহকারী পরিচালক | |
| ১৩. | জনাব মোঃ জহুরুল ইসলাম, সহকারী পরিচালক | স্বাক্ষরিত |
| ১৪. | জনাব মোহাম্মদ সাজজাদ মুফতী, সহকারী পরিচালক | |
| ১৫. | জনাব মোঃ জাহেদুল কবির খান, সহকারী পরিচালক | স্বাক্ষরিত |
| ১৬. | বিপ্লব বিকাশ পাল চৌধুরী, সহকারী পরিচালক | স্বাক্ষরিত |
| ১৭. | ড. শান্তি রঞ্জন সরকার, ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল | স্বাক্ষরিত |
| ১৮. | মোঃ আব্দুল কুদ্দুস সরকার, পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | স্বাক্ষরিত |
| ১৯. | আবু ইউসুফ মোঃ ফেরদৌস, প্রকল্প কর্মকর্তা | স্বাক্ষরিত |